

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ২৮.০০.০০০০.০২৬.৩৪.০৫৯.১৬.৫৩।—স্থানীয় কনডেনসেট থেকে দেশে উৎপাদিত পেট্রোলিয়ামজাত পণ্যের মূল্য নিম্নরূপ হারে কার্যকর হইবে:

২। বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ, যেমন: বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড এবং উৎপাদন বস্টন চুক্তির অধীনে গ্যাস উৎপাদনে নিয়োজিত আন্তর্জাতিক কোম্পানীসমূহ-এর অধীনস্থ ক্ষেত্র হইতে উৎপাদিত (স্থানীয়) কনডেনসেট হইতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পেট্রোলিয়ামজাত পণ্যের বিপরীতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) নিম্নলিখিত হারে মূল্য প্রদান করিবে:

(টাকা/কিলোলিটার)

পণ্য	করপূর্ব মূল্য	মূল্য সংযোজন কর	করোত্তর মূল্য
ডিজেল	৪৭৮২৬.০৯	৭১৭৩.৯১	৫৫০০০.০০
কেরোসিন	৪৮৬৯৫.৬৫	৭৩০৪.৩৫	৫৬০০০.০০

৩। এই প্রজ্ঞাপন গেজেট প্রকাশের তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৪। তবে, ০৮-০৩-২০১৫ তারিখে প্রকাশিত এতদসংশ্লিষ্ট গেজেটে উল্লিখিত অন্যান্য পণ্যের মূল্য (কনডেনসেটের মূল্য) এবং ১২-০৮-২০১৫ তারিখে প্রকাশিত গেজেটে উল্লিখিত ন্যাফথা হইতে উৎপাদিত পণ্যের মূল্য অপরিবর্তিত থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আহসানুল জব্বার  
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২৭৩৯ )

মূল্য : টাকা ৪.০০